# ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা পরিষদের জুলাই/২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: আশরাফ উদ্দিন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ, গফরগাঁও, ময়মনসিংহ। |
| সভার তারিখ | : ২৭.০৭.২০২৩ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : বেলা ১১.০০ ঘটিকা |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত ইউপি চেয়ারম্যান ও সকল সম্মানিত সদস্যগনকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁওকে সভা পরিচালনা করার অনুরোধ জানান। তিনি কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে স্ব স্ব বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানকে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এর পর সভায় নিম্নোক্ত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা প্রকৌশলী বিভাগ: উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) হতে সাধারণ বরাদ্দের ১ম কিস্তি বাবদ গফরগাঁও উপজেলায় ২৩.১২(তেইশ লক্ষ বার হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দ পিআইসি এবং টেন্ডারের মাধ্যমে কাজ বাস্তবায়নের লক্ষে উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটিতে প্রকল্পের তালিকা সভায় উপস্থাপন করা প্রয়োজন। গফরগাঁও উপজেলার সকল ইউনিয়নের তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান। | জরুরী ভিত্তিতে প্রকল্পের তালিকা দাখিল করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, টিআর/কাবিখা ১ম ও ২য় পর্যায়ের কাজ সমাপ্ত হয়েছে। ৩য় ও ৪র্থ পর্যায়ের কাজ চলমান। বন্যা আশ্রয়কেন্দ্রের গ্রেড বীম ঢালাই হয়েছে। এইচবিবি প্রকল্পের তিনটি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে। ইজিপিপি ২য় পর্যায়ে কাজ শেষ হয়েছে, চূড়ান্ত বিল প্রেরণ করা হয়েছে। চলমান সকল কাজ গুনগত মান ঠিক রেখে করার জন্য সকলের সহযোগিতা চান। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কাজের গুনগত মান ঠিক রেখে তা দ্রুত সময়ে বাস্তবায়ন ও নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি ২০২২-২৩ অর্থবছরে খরিপ-২ মৌসুমে রোপাআমন আবাদের লক্ষ্যমাত্রা হাইব্রিড-৪০৫ হেক্টর,উফশী ২১৮১০ হেক্টর ও স্থানীয় ৪৪০ হেক্টর মোট ২২৬৫৫ হেক্টর। হাইব্রিড বীজতলা ৫০ হেক্টর, উফশী ১১০৫ হেক্টর ও স্থানীয় ২৫ হেক্টর মোট ১১৮০ হেক্টর বীজতলা হয়েছে। এ পর্যন্ত রোপাআমন হাইব্রিড-১৮০০ হেক্টর,উফশী ২০৫৫০ হেক্টর মোট আবাদ হয়েছে ২২৪০০ হেক্টর। রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি যাচাইকরত: উপজেলা কৃষি অফিসের পক্ষ থেকে সার্বক্ষনিক মনিটরিং করা হচ্ছে। মাঠ পর্যায়ে উপসহকারী কৃষি অফিসারগন রোস্টার ভিত্তিক সার্বক্ষনিক মনিটরিং করে যাচ্ছেন। গত জুলাই/২০২৩ মাসের তুলনায় আগষ্ট/২০২৩খ্রি: রাসায়নিক সারের মজুদ ইউরিয়া-১৩৬০ মে:টন,টিএসপি-২০৮,ডিএপি-৪৭০ ও এমওপি-৪৫১ মে:টন। কোথাও কোন সারের সংকট নেই। সারের সংকট রয়েছে বলে যেন কেও গুজব ছড়াতে না পারে সকলের সহযোগিতা কামনা করছি। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১। নিয়মিত উপজেলা সার বীজ মনিটরিং কমিটির সভার আয়োজন করতে হবে।<br>২। রাসায়নিক সার মজুদ, বিতরণ পরিস্থিতি পর্যবেক্ষনের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অন্তর্ভুক্ত করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, গফরগাঁও |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা সভায় জানান যে, হাসপাতালের বর্তমান অবস্থা পূর্বের তুলনায় অনেক ভালো। দালালের প্রাদুর্ভাব অনেকটা কমে গেছে। হাসপাতাল চলাকালীন রিপ্রেজেন্টেটিভদের ডাক্তারদের সাথে সাক্ষাৎ করা বন্ধ করা হয়েছে। সকলকে স্বাস্থ্যবিধি মানার ব্যাপারে উদ্বুদ্ধ করার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। হাসপাতালে রোগীদের সেবার মান বৃদ্ধি করতে হবে।<br>২। দালাল এবং ব্যক্তিমালিকানাধীন যানবাহন হাসপাতালের ভিতরে প্রবেশ বন্ধ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| ০৬ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, চলতি মাসে অত্র দপ্তরের ৭৩৪ টি কৃত্রিম প্রজনন করা হয়েছে পরবর্রতী সময়ে উক্ত কার্যক্রম চলমান। ১০- টি খামার পরিদর্শন করা হয়েছে পরবর্রতী সময়ে উক্ত কার্যক্রম চলমান থাকবে। ১৫২০০ হাজার গরু/ছাগল ও ৩৪০০০০ হাজার হাঁস/ মুরগির ভ্যাকসিন করা হয় পরবর্রতী সময়ে উক্ত কার্যক্রম চলমান থাকবে। এছাড়াও বিভাগীয় অন্যান্য সম্প্রসারণ কাজ চলমান রয়েছে । | ১। টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। নিয়মিত যোগাযোগ এবং মনিটরিং করতে হবে।<br>৩। প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গফরগাঁও |
| ০৭ | উপজেলা মৎস্য বিভাগ: উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের রাজস্ব খাতের আওতায় ১,৪০,০০০/- (এক লক্ষ চল্লিশ হাজার ) টাকার পোনামাছ অবমুক্ত করা হয়েছে । এছাড়াও নিয়মিত খামারীদের সাথে যোগাযোগ ও নিয়মিত খামার পরিদর্শন করা হচ্ছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য সম্প্রসারণ কাজ চলমান রয়েছে । | নিয়মিত যোগাযোগ এবং মনিটরিং করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গফরগাঁও |

<table>
<tr>
<td>০৮</td>
<td><u>উপজেলা বিদ্যুৎ বিভাগ (পিডিবি)</u>ঃ নির্বাহী প্রকৌশলী (পিডিবি) এর প্রতিনিধি সভায় জানান যে, লোডশেডিং কমিয়ে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহকরণ অব্যাহত রয়েছে। বকেয়া সংযোগ বিচ্ছিন্নকরণ ও বকেয়ো আদায়করণ চলমান রয়েছে। অবৈধ লাইন সনাক্তকরণ ও সিস্টেম লস কমানো হচ্ছে। লোড শেডিং পুর্বাভাস প্রদান করা হচ্ছে। মসজিদ, মাদ্রাসাকে প্রিপেইড মিটারিং এর আওতায় আনা হচ্ছে। সর্বোপরি জনগণকে জটিলতামুক্তভাবে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষে বিদ্যুৎ বিভাগ নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। এছাড়াও বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>১। বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে হবে।<br>২। লোডশেডিং এর বিষয়ে অবহিত করতে হবে।</td>
<td>নির্বাহী প্রকৌশলী, পিডিবি, গফরগাঁও</td>
</tr>
<tr>
<td>০৯</td>
<td><u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:</u> উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সভায় জানান যে,<br>১। এইচএসসি/ আলিম/ এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষা- ২০২৩ পরীক্ষা আগামী ১৭/০৮/২০২৩ খ্রি. তারিখে হতে ২৫/০৯/২০২৩ খ্রি. পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার যাবতীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নকলমুক্ত পরিবেশে পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করণের লক্ষে সকলের সহযোগিতা কামনা করেন।</td>
<td>সকল কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার</td>
</tr>
<tr>
<td>১০</td>
<td><u>উপজেলা শিক্ষা বিভাগ:</u> উপজেলা শিক্ষা অফিসার (ভার:), সভায় জানান যে, গ্রেডেশন তালিকা চুড়ান্ত করে ডিপিইও অফিসে প্রেরণ করা হয়েছে। ক্ষুদ্র মেরামতের কাজ সম্পন্ন হয়েছে। ০৩ জন শিক্ষকের পি.আর.এল ও পেনশন কার্যক্রম সম্পন্ন হয়েছে। বিদ্যালয় বিহীন গ্রামে নতুন বিদ্যালয় স্থাপনের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ৮৩৩ জন শিক্ষকের শ্রান্তি বিনোদন ছুটির কাজ সম্পন্ন হয়েছে । এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>১। শিক্ষকদের নিয়মিত ক্লাশে উপস্থিত নিশ্চিত করতে হবে।<br>২। সকল শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত মনিটরিং করতে হবে।<br>৩। বিধি মোতাবেক সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার</td>
</tr>
<tr>
<td>১১</td>
<td><u>উপজেলা সমাজসেবা বিভাগঃ</u> সমাজসেবা অধিদফতরের নির্দেশক্রমে প্রতিবন্ধীদের অসচ্ছল প্রতিবন্ধী সুর্বর্ণ নাগরিক কার্ড প্রাপ্যতার নিমিত্তে আবেদন গ্রহণ করা হচ্ছে। উপকার ভোগীদের ভাতা সংক্রান্ত যে সমস্ত সমস্যা রয়েছে তাহা নিরসন কল্পে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর সাথে আলোচনা সাপেক্ষে পর্যায়ক্রমে তারিখ নির্ধারন করা হবে।ক্যান্সার/কিডনী/লিভারসিরোসিস/স্টোক প্যারালাইসড/জন্মগতহৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের কাছ হতে আর্থিক হায়তার আবেদন পত্র গ্রহণ করা হচ্ছে। ।বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>সকল ভাতা কার্যক্রম মনিটরিং করতে হবে।</td>
<td>উপজেলা সমাজসেবা অফিসার</td>
</tr>
<tr>
<td rowspan="2">১২</td>
<td><u>বিআরডিবিঃ</u> উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সমিতি/দল গঠন: পুরুষ=৫১৪ টি, মহিলা=৯২ টি, মোট=৬০৬ টি। সদস্য সংখ্যা: পুরুষ=২৩৮১৮ জন, মহিলা=২৪১৮ জন, মোট= ২৬২৩৬ জন। শেয়ার আদায়: পুরুষ=৩১.০১ লক্ষ টাকা, মহিলা=৫.৫৬ লক্ষ টাকা, মোট= ৩৬.৫৭ লক্ষ টাকা । সঞ্চয় আদায়: পুরুষ=৬৪.৪১ লক্ষ টাকা, মহিলা=১৭.৭৬ লক্ষ টাকা, মোট=৮২.১৭ লক্ষ টাকা । মোট ঋণ তহবিল প্রাপ্তি=১০৭৫.২৭ লক্ষ টাকা। ঋণ বিতরণ: পুরুষ=১০৫১.০৫ লক্ষ টাকা, মহিলা=৩৬৪.৪১ লক্ষ টাকা, মোট ঋণ বিতরণ = ১৪১৫.৪৬ লক্ষ টাকা । ক্রমপুঞ্জিত ঋণ আদায়: পুরুষ=৮৬৮.৯৪ লক্ষ টাকা, মহিলা=৩১১.৬৪ লক্ষ টাকা, মোট=১১৮০.৫৮ লক্ষ টাকা। মূল কর্মসূচী (ইউসিসিএ) ব্যতীত মহিলা উন্নয়ন অনুবিভাগ (মউ), আবর্তক, সদাবিক, পল্লী প্রগতি ও বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের আত্নকর্মসংস্থান কর্মসূচীর সাংগঠনিক এবং ঋণ কার্যক্রম চলমান আছে। কোভিড-১৯, প্রনোদনা পল্লী উদ্যোক্তা ঋণ =৩৫.০০ লক্ষ টাকা বিতরণ করা হয় এবং জুলাই/২৩ পর্যন্ত আদায়=১৮.৫৬ লক্ষ টাকা, আদায়ের হার ১০০%। ইহা ছাড়াও পিআরডিপি-৩ প্রকল্পটি উপজেলার লংগাইর ইউনিয়ন এবং টাংগাব ইউনিয়নে কার্যক্রম চলমান রয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে ৩৬টি ভিডিসি স্কীম বাস্তবায়ন করা হয়েছে। তিনি সভায় আরও জানান যে, উপজেলা পরিষদে বিআরডিবি কর্তৃক নির্মিত ০৩ টি জোড়াবাড়ীর বিভিন্ন ফ্ল্যাটে বসবাসকারীদের বকেয়া ভাড়া ও বকেয়া গ্যাস ও বিদ্যুৎ আগামী ৩১ আগস্ট/২০২৩ খ্রি. মাসের মধ্যে পরিশোধের যথাযথ ব্যবস্থা নেয়ার জন্য সভায় অনুরোধ জানান এবং বিআরডিবি কর্তৃক নির্মিত ০৩ টি জোড়াবাড়ী মেরামতের জন্য অনুরোধ জানান। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>১। ঋণ বিতরণ ও আদায় নিশ্চিত করতে হবে। বিআরডিবির সকল মাঠ কর্মীদের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সাথে সমন্বয় করে কাজ করতে হবে।</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার</td>
</tr>
<tr>
<td>০২। <u>পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ)</u>: উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে।
<table>
<tr><td rowspan="2">ক্র নং</td><td colspan="4">পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়</td><td colspan="4">পল্লী জীবিকায়ন কর্মসূচি</td></tr>
<tr><td>বিবরণ</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>ক্রমবর্ধমান</td><td>বিবরণ</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>ক্রমবর্ধমান</td></tr>
<tr><td>১</td><td>দলগঠন</td><td>-</td><td>-</td><td>০৭</td><td>সমিতি গঠন</td><td>০</td><td>০</td><td>৮৪</td></tr>
<tr><td>২</td><td>রূপান্তর</td><td>৮৩</td><td>০৫</td><td>০৫</td><td>সদস্য ভর্তি</td><td>০</td><td>০</td><td>২২২৪</td></tr>
<tr><td></td><td>সদস্য ভর্তি</td><td>৩৫</td><td>৩৫</td><td>১৬৫</td><td rowspan="2">শেয়ার আদায়</td><td rowspan="2">.৩৫</td><td rowspan="2">০.০১</td><td rowspan="2">৮.৭৯</td></tr>
<tr><td></td><td>রূপান্তর</td><td>৬৩১</td><td>৩৫</td><td>৭০</td></tr>
<tr><td></td><td>সঞ্চয় জমা</td><td>১.৫০</td><td>১.৫</td><td>১.৫০</td><td>সঞ্চয়</td><td>১.১৫</td><td>০.১০</td><td>২৮.৬</td></tr>
</table>
</td>
<td>২। বিতরণকৃত ঋণ আদায় নিশ্চিত করতে হবে। নতুন সমিতি গঠন, সদস্য নির্বাচনের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে।</td>
<td>উপজেলা প্রকল্প কর্মকর্তা, (পজীপ)</td>
</tr>
</table>

<table>
<tr><td></td><td>
<table>
<tr><td></td><td></td><td></td><td>০</td><td></td><td rowspan="2">আদায়</td><td rowspan="2"></td><td rowspan="2"></td><td rowspan="2">৯</td></tr>
<tr><td></td><td>রূপান্তর</td><td>৬.৩২</td><td>.৬০</td><td>.৭৫</td></tr>
<tr><td></td><td>ঋণ বিতরণ</td><td>২৫.৫০</td><td>১০.৩৫</td><td>৩৪.৭৫</td><td rowspan="2">ঋণ বিতরণ</td><td rowspan="2">১.৯৯</td><td rowspan="2">-</td><td rowspan="2">৫৩৩.৪২</td></tr>
<tr><td></td><td>রূপান্তর</td><td>১.২৫</td><td>-</td><td>১.২৫</td></tr>
<tr><td></td><td>ঋণ আদায়</td><td>১.৫০</td><td>২.০৫</td><td>২.৯৫</td><td rowspan="3">ঋণ আদায়</td><td rowspan="3">.৬২</td><td rowspan="3">.২৫</td><td rowspan="2">৪৭৪.৮৫</td></tr>
<tr><td></td><td>রূপান্তর</td><td>.৩৫</td><td>.১৫</td><td>০.৫০</td></tr>
<tr><td>১৫</td><td>এসএমই ঋণ</td><td>২৮.৭০</td><td>২.৫০</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>১৬</td><td>প্রশিক্ষণ</td><td>-</td><td>২৪০</td><td></td><td>প্রশিক্ষণ</td><td>০</td><td>০</td><td></td></tr>
</table>
বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৩</td><td><u>আমার বাড়ি আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক)</u>: উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, আমার বাড়ি আমার খামার প্রকল্পের কাজ সমাপ্তি ঘটেছে ৩০.০৭.২০২১ খ্রি. তারিখে। বর্তমানে উক্ত প্রতিষ্ঠানটি পল্লী সঞ্চয় ব্যাংক হিসাবে কাজ করছে।
<table>
<tr><th>ক্র. নং</th><th>সংখ্যা</th><th>মোট</th></tr>
<tr><td>০১</td><td>সমিতির সংখ্যা</td><td>৪২১টি</td></tr>
<tr><td>০২</td><td>সদস্য সংখ্যা</td><td>১৮,১৯৮ জন</td></tr>
<tr><td>০৩</td><td>মাসের সঞ্চয় আদায়</td><td>৩.০০ লক্ষ টাকা</td></tr>
<tr><td>০৪</td><td>বছরে সঞ্চয় আদায়</td><td>৩.০০ লক্ষ টাকা</td></tr>
<tr><td>০৫</td><td>মাসের ঋণ আদায়</td><td>১০০.৭ লক্ষ টাকা</td></tr>
<tr><td>০৬</td><td>বছরে ঋণ আদায়</td><td>১০০.৭ লক্ষ টাকা</td></tr>
<tr><td>০৭</td><td>মাসের ঋণ বিতরণ</td><td>৯২.০০ লক্ষ টাকা</td></tr>
<tr><td>০৮</td><td>বছরে ঋণ বিতরণ</td><td>৯২.০০ লক্ষ টাকা</td></tr>
</table>
অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে।</td><td>উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার</td></tr>
<tr><td>১৪</td><td><u>উপজেলা মহিলা বিষয়ক দপ্তর</u>: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, গফরগাঁও উপজেলার ১৫টি ইউনিয়নের ভিডব্লিউবি ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীদের জুলাই/২০২৩ মাসের পুষ্টিচাল এর বরাদ্দ পাওয়া যায়নি বিধায় অত্র উপজেলার ১৫টি ইউনিয়নে পুষ্টিচাল সরবরাহ করা সম্ভব হয়নি, বরাদ্দ পাওয়ার সাথে সাথে ডিও প্রদান করা হবে। মা ও শিশু সহায়তা কর্মসূচির অনলাইন আবেদন ২০২৩-২৪ অর্থ বছরের নতুন বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে মাসের ২০ তারিখের মধ্যে আবেদন সম্পন্ন করে অত্র কার্যালয়ে হার্ড কপি ও সফট কপি জমা দেয়ার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>ভিজিডি কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)</td></tr>
<tr><td>১৫</td><td><u>উপজেলা খাদ্য বিভাগ</u>: উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, জুন/২০২৩ খ্রি. অত্র উপজেলায় কাবিখা খাতে গম ৮.১৭৫ মে.টন ও চাল ১২০.৬৫০ মে.টন। ভিজিডি ৭৫.০৬০ মে.টন। ভিজিএফ ২৫০.৭৭০ মে.টন। জি,আর ১২.০০০ মে.টন। ফায়ার সার্ভিস ৭৮৬ কেজি গম ও ৭৬৭ কেজি চাল বিতরণ করা হয়েছে। বোরো সংগ্রহ ১৪৯৭.১৪০ মে.টন। বর্তমানে গুদামে চাল মজুদ আছে ৭৬৬.০৩৭ মে.টন এবং ধান ৪১.০০০ মে.টন। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।</td><td>চাল ও ধান সংগ্রহের কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গফরগাঁও</td></tr>
<tr><td>১৬</td><td><u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, মা ও শিশু স্বাস্থ্য এবং কিশোর কিশোরীদের সার্বিক পরিস্থিতি উন্নয়ন রক্ষায় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও তিনি জানান যে, ইউনিয়ন ভিত্তিক স্বাস্থ্য কেন্দ্র গুলোতে গর্ভবতী মায়ের সেবা ও ডেলিভারীর জন্য কক্ষগুলো মেরামত এবং উপজেলা পরিবার পরিকল্পনা অফিসে একটি সাধারণ মানের অপারেশন থিয়েটার করার জন্য অনুরোধ জানান। জানুয়ারি/২০২৩ মাসের প্রতিবেদন। সক্ষম দম্পত্তি ৮৯২৮১ গ্রহণকারী ৬৯৬৮৪ সিএআর ৭৮.০৫ %
<table>
<tr><th>বিভিন্ন পদ্ধতির নাম</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>হার</th></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি (পুরুষ)</td><td>১৫</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি (মহিলা)</td><td>১৫</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>আইইউডি</td><td>৪৫</td><td>৫৭</td><td>১২৬.৬৬</td></tr>
<tr><td>ইমপ্ল্যান্ট</td><td>৯৭</td><td>৮২</td><td>৮৪.৫৩%</td></tr>
<tr><td>ইনজেটেবল</td><td>১৬৮৪০</td><td>১০৪৫৫</td><td>৬২.০৮</td></tr>
<tr><td>খাবারবড়ি</td><td>৩৪৫৬৬</td><td>৩৮৩১২</td><td>১১০.৮৩</td></tr>
<tr><td>কনডম</td><td>৬২০২</td><td>৫৯৯৮</td><td>৯৬.৭১</td></tr>
</table>
মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পিং অব্যাহত আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১। নিয়মিতভাবে মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পের আয়োজন করতে হবে।<br>২। উপজেলা ও ইউনিয়ন কমিটির সভা নিয়মিত করতে হবে।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৭ | <u>উপজেলা সমবায় বিভাগ</u>: উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, গফরগাঁও উপজেলার সমবায় বিভাগের কার্যক্রমের মধ্যে সমবায় সমিতি গুলো ২০২৩-২০২৪ খ্রি. সনের বার্ষিক অডিট জুলাই/২৩ খ্রি. মাসের অডিট কার্যক্রম শুরু হয়েছে। আমরা অডিট অফিসারগণ বার্ষিক লক্ষ্যমাত্রা অনুযায়ী জুলাই/২৩ খ্রি. মাসে অডিট কার্যক্রম শুরু করেছি। অডিটযোগ্য সমবায় সমবায় সমিতির সংখ্যা -১০৫টি। তাছাড়াও সমবায় সমিতিগুলো নিয়মিতভাবে তদন্ত, পরিদর্শন ও তদারকী কার্যক্রম অব্যাহত আছে। সমবায় সমিতিগুলোর ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ও নিবন্ধন কার্যক্রম অব্যাহত আছে। গত বছরে ০৫ টি ইউনিটে ১২৫ জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদাণ করা হয়েছে। বিভাগীয় পর্যায়ে সমতবায় পুরস্কারের জন্য অত্র উপজেলা হতে ০৬ টি শ্রেষ্ঠ সমিতির তালিকা প্রেরণ হয়েছে। সরকারী রাজস্ব ১০০% আদায় করে সরকারী কোষাগারে প্রেরণ করা হয়েছে। যার কার্যক্রম চলমান রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর ০৩ টি আশ্রয়ণ-২ প্রকল্পের মধ্যে......১. আশ্রয়ণ-২ প্রকল্প-১ সমবায় সমিতি লিঃ এর সদস্যের মধ্য প্রতি পরিবারে ৩০০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) করে ঋণ প্রদান করা হয়েছে। মোট ঋণ বিতরণ ২০৯০০০০/- (বিশ লক্ষ নব্বই হাজার টাকা মাত্র)। ঋণ আদায় আসল= ১১৪৪১২২/- (এগারো লক্ষ চোয়াল্লিশ হাজার একশত বাইশ টাকা)। সারচার্জ= ৮৫৪১৮/- (পঁচাশি হাজার চারশত আঠারো টাকা মাত্র)। মাঠে পাওনা= ৮৬০৪৬০/- (আট লক্ষ ষাট হাজার চারশত ষাট টাকা মাত্র)। ২. আশ্রয়ণ-২ প্রকল্প-২ সমবায় সমিতি লিঃ এর সদস্যের মধ্য প্রতি পরিবারে ৩০০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) করে ঋণ প্রদান করা হয়েছে। মোট ঋণ বিতরণ ২১১০০০০/- (একুশ লক্ষ দশ হাজার টাকা মাত্র)। ঋণ আদায় আসল= ১০৯৫৯১৬/- (দশ লক্ষ পঁচানব্বই হাজার নয়শত ষোল টাকা মাত্র)। সারচার্জ= ৮২৩৭৪/- (বিরাশি হাজার তিনশত চোয়াত্তর টাকা মাত্র)। মাঠে পাওনা= ৯৩১৭১০/-(নয় লক্ষ একত্রিশ হাজার সাতশত দশ টাকা মাত্র)। ৩. রোস্তম আলী আশ্রয়ণ প্রকল্প সমবায় সমিতি লিঃ এর সদস্যের মধ্য প্রতি পরিবারে ৩০০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) করে ঋণ প্রদান করা হয়েছে। মোট ঋণ বিতরণ ৪৯২০০০/- (চার লক্ষ বিরা নব্বই হাজার টাকা মাত্র)। ঋণ আদায় আসল= ৭৪৩৯৯/-(চুয়াত্তর হাজার তিনশত নিরানব্বই টাকা মাত্র)। সার চার্জ= ৫৬০০/-( পাঁচ হাজার ছয়শত টাকা মাত্র)। মাঠে পাওনা= ৪১২০০১/- (চার লক্ষ বারো হাজার এক টাকা মাত্র)। তাছাড়া বিভাগীয় এবং বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ০১। নিয়মিত মনিটরিং করতে হবে।<br>০২। সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ১৮ | <u>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</u>: উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান যে,<br>১.সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের অওতায় ২০২৩-২৪ অর্থ বছরের ৩৯০টি জলাধারসহ সাবমার্সিবল পাম্প বরাদ্দ পাওয়া গিয়েছে। সাইট প্রাপ্তি সাপেক্ষে কাজ শুরু করা হবে।<br>২.৩৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মান কার্যক্রম চলমান।<br>এছাড়াও বিভাগীয় অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল |
| ১৯ | <u>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</u>: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রশিক্ষণপ্রাপ্ত ০৫ জন যুবকদের মাঝে =৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকা করে মোট=২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বিতরণ করা হয়েছে। প্রশিক্ষণের বরাদ্দ না পাওয়ায় প্রশিক্ষণের কার্যক্রম শুরু করা যাচ্ছে না। একটি নিবন্ধনকৃত যুব সংগঠন পুরস্কারের জন্য আবেদন করেছে এবং মনোনীত করে প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া অত্র কার্যালয়ের কার্যক্রম সাভাবিক ভাবে চলমান আছে। | ১। ঋণ কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করতে হবে।<br>২। প্রশিক্ষণ দ্রুত শুরু করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২০ | <u>উপজেলা পরিসংখ্যান বিভাগ</u>: উপজেলা পরিসংখ্যান অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা পরিসংখ্যান অফিস গফরগাঁও, ময়মনসিংহ এর বিভাগীয় কার্যক্রম চলমান আছে। বাংলাদেশ পসিংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন জনশুমারী ও গৃহগননা ২০২১ প্রকল্পের ট্যাবলেট বিতরণের লক্ষ্যে প্রয়োজনরে অতিরিক্ত ট্যাবলেট স্টক থাকা সাপেক্ষে গফরগাঁও উপজেলাধীন সরকারি ও এমপিওভুক্ত মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা (সরকারি ও এমপিওভুক্ত) সমূহে সমন্বিত মেধাক্রম অনুযায়ী নবম শ্রেণির ১ম, ২য়, ৩য় ও ৪র্থ মেধাক্রমের ০৪(চার) জন এবং দশম শ্রেণীর ১ম, ২য়, ৩য়, ৪র্থ ও ৫ম মেধাক্রমের ০৫ (পাঁচ) জন করে মোট ০৯ (নয়) জন শিক্ষার্থীর মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে জনশুমারী ও গৃহগননা ২০২১ প্রকল্পের ট্যাবলেট বিতরণ করা হয়েছে। এছাড়া অফিসের সকল নিয়মিত কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। | সকল কার্যক্রম যথাসময়ে সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা গফরগাঁও |
| ২১ | <u>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন</u>: উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন গফরগাঁও কার্যালয় পল্লীর অসুবিধাগ্রস্থ দরিদ্র জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নের লক্ষে কাজ করে যাচ্ছে। অত্র কার্যালয়ে ৯৬টি সমিতিতে মোট ৪২০৫ জন সদস্য আছে। বিগত ২০২২-২০২৩ অর্থ বছরে জুন/২০২৩ পর্যন্ত ১৫০৩ জন সদস্যদের মাঝে সর্বমোট ৮১১.০০(আট কোটি এগারো লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায়ের হার ৯৯%, বিভিন্ন সঞ্চয় স্থিতি ৪২৪.০৬ (লক্ষ) টাকা, সঞ্চয়ের হার ১৭৪%। এছাড়া অফিসের সকল নিয়মিত কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। | ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২২ | <u>উপজেলা আনসার ও ভিডিপি</u>: উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সারা দেশে শান্তি-শৃঙ্খলা রক্ষা, আর্থ-সামজিক উন্নয়ন ও নিরাপত্তা বিধানে সর্বত্র নিরবিচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে এবং সর্বদা প্রস্তুত আছে। | ১। আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে পুলিশের পাশাপাশি আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সব | উপজেলা আনসার ও ভিডিপি |

| | | | |
|---|---|---|---|
| | ২০২৩-২০২৪ অর্থ বছরে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী বিভিন্ন ক্যাটাগরি প্রশিক্ষণ করানো হবে যেমন, কম্পিউটার, সেলাই মেশিন, মোবাইল সার্ভিসিং, অটো মেকানিক, ফ্রিজ/এসি মেরামত, সেলাই মেশিন( অতিরিক্ত নকশী কাঁথা), মোটর ড্রাইভিং প্রশিক্ষণ। আগ্রহী আনসার ও ভিডিপি প্রশিক্ষনার্থী প্রশিক্ষনের সুযোগ নিতে পারবে। এ বিষয়ে আগ্রহী প্রশিক্ষণার্থীদের আনসার ও ভিডিপি কার্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সময় প্রস্তুত থাকতে হবে।<br>২। প্রশিক্ষন কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | অফিসার |
| ২৩ | <u>পল্লী বিদ্যুৎ বিভাগ:</u> ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে সার্বিকভাবে চেষ্টা চলছে।<br>০১। উপকেন্দ্র নির্মাণের জন্য জমি ক্রয়ের প্রক্রিয়া চলমান। (প্রস্তাবিত পাগলা, চরমছলন্দ)<br>০২। উত্তম গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে বিকল্প ৩৩ কেভি সোর্স লাইন চালুর কাজ চলমান।<br>৩। লো-ভোল্টেজ সমস্যা সমাধানের জন্য গ্রাউন্ডিং করণ, ওভার লোডের কন্ডাক্টর পরিবর্তন করা , ক্যাপাসিটর স্থাপনের কাজ চলমান আছে।<br>৪। বর্তমানে গফরগাঁও জোনাল অফিসের গ্রাহক অভিযোগ নিরসন ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এর জন্য চারটি অভিযোগ কেন্দ্র রয়েছে। মশাখালী অভিযোগ কেন্দ্রটি চালুর প্রক্রিয়াধীন আছে। উক্ত অভিযোগ কেন্দ্রটি চালু হলে সহজেই অভিযোগ নিরসনসহ নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা যাবে।<br>৫। সরসরি হুকিং, মিটার টেম্পারিং, সার্ভিস ড্রপ বাইপাস ইত্যাদি অবৈধ উপায়ে বিদ্যুৎ ব্যবহারকারীদের সংযোগ বিচ্ছিন্ন করণসহ জরিমানা আদায় করা হচ্ছে।<br>৬। বিলিং অভিযোগ হ্রাস কল্পে যথাসময়ে সঠিকভাবে রিডিং আদায় এভং গ্রাহক প্রান্তে বিদ্যুৎ বিল পৌছানোসহ মিটার রিপোর্ট সঠিকভাবে প্রস্তুত ও বাস্তবায়ন করা হচ্ছে।<br>৭। গ্রাহক সংযোগ সম্ভাব্য লোড ও ভৌগলিক অবস্থা বিবেচনা করে স্বল্প মেয়াদী , মধ্য মেয়াদী এবং দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নে কার্যকরী প্রদক্ষেপ গ্রহণ করা হয়।<br>৮। বিচ্ছিন্ন গ্রাহকের বকেয়া আদায়ের লক্ষ্যে লাল/উকিল নোটিশ প্রদান করা হচ্ছে।<br>৯। ৯০ দিনে উর্দ্ধে বকেয়া বিদ্যুৎ বিল হ্রাস করার লক্ষে বিল আদায়ের কার্যক্রম জোরদার করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। সকল কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। বিচ্ছিন্ন গ্রাহকের বকেয়া আদায়ের লক্ষে লাল/ উকিল নোটিশ প্রদান করা হচ্ছে। বিভিন্ন সরকারি অফিসের বকেয়া রয়েছে। সংশ্লিষ্ট সকলকে বকেয়া পরিশোধের জন্য অনুরোধ করেন। | ডি.জি.এম পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৪ | <u>উপসহকারী প্রকৌশলী (বিএডিসি সেচ),</u> সভায় জানান যে, উপজেলা সেচ কমিটি গফরগাঁও এর সেচ কার্যক্রম পরিচালনার স্বার্থে গফরগাঁও উপজেলার সকল ইউনিয়নে সেচ সংক্রান্ত মাইকিং, সেচচার্জ, নীতিমালা সংক্রান্ত লিফলেট ও একটি ল্যাপটপ এবং আনুষঙ্গিক যন্ত্রাংশ ক্রয়ের জন্য উপজেলা সেচ তহবিল হতে উত্তোলনের জন্য অনুরোধ জানান। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি-সেচ) |
| ২৫ | <u>ইসলামিক ফাউন্ডেশন:</u> ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন জানান যে, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষাকার্যক্রম,ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত ২০২৩ শিক্ষা বর্ষে ২১৭টি কেন্দ্রের মধ্যে ০৮টি কেন্দ্র সঠিকভাবে পরিচালিত না করার কারণেকমিটির মাধ্যমে বাতিল করা হয়েছে। দূর্বল কেন্দ্র চিহ্নিত করার কাজ চলমান রয়েছে। সন্ত্রাস,জঙ্গীবাদ ও নাশকতা বিরোধী প্রচার প্রচারণার কার্যক্রম অব্যাহত রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। সন্ত্রাস, জঙ্গীবাদ ও নাশকতা বিরোধী প্রচার প্রচারণার মসজিদ ভিত্তিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গফরগাঁও |
| ২৬ | <u>উপ-সহকারী পাট উন্নয়ন অফিস:</u> উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, গত অর্থ বছরে পাটের বীজ ও সার প্রশিক্ষণ শেষ করে বর্তমানে পাট কাঁটা চলমান রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। পাট চাষে কৃষকদের উদ্ভুদ্ধ করতে হবে।<br>২। পাট চাষীদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, গফরগাঁও |
| ২৭ | <u>উপজেলা তথ্য কেন্দ্র:</u> তথ্যসেবা কর্মকর্তার সভায় জানান যে, তথ্য আপাদের ডোর-টু-ডোর, উঠান বৈঠক ও তথ্য কেন্দ্রে মহিলাদের সেবা প্রদানের সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। উপজেলা তথ্যকেন্দ্র, গফরগাঁও, ময়মনসিংহ এর কার্যক্রম সমূহ;<br>১। তথ্য ও প্রযুক্তিভিত্তিক সেবা প্রদান<br>২। ভর্তি পরীক্ষার ফলাফল<br>৩। ভর্তি পরীক্ষার ফরম পূরণ<br>৪। চাকরির আবেদন পত্র পূরণ।<br>৫। ই-মেইল, ম্যাসেঞ্জার, স্কাইপির সাহায্যে যোগাযোগ।<br>৬। কৃষি, শিক্ষা, ব্যবসা ইত্যাদি সংক্রান্ত পরামর্শ প্রদান।<br>৭। আইনি সহায়তা পরামর্শ প্রদান।<br>৮। ডায়াবেটিকস পরীক্ষা, রক্তচাপ পরীক্ষা, তাপমাত্রা ও ওজন পরিমাপ।<br>৯। গ্রামীণ নারীদের উৎপাদিত ও সংগৃহিত পণ্য বিক্রয়ের জন্য www.laalsobuj.com মার্কেটপ্লেস পরিচালনা। উপরোক্ত সেবাসময়হ তথ্যকেন্দ্র হতে ডোর টু ডোর পদ্ধতিতে এবং উঠান বৈঠকের মাধ্যমে প্রদান করা হয়। উঠান বৈঠক ডোর টু ডোর সহ সকল কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। গ্রামীণ মহিলাদের বিভিন্ন অনলাইনে আবেদনে সহযোগীতা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। নিয়মিত উঠান বৈঠক আয়োজন করতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, উপজেলা তথ্য কেন্দ্র, গফরগাঁও |
| ২৮ | <u>চেয়ারম্যান, সালটিয়া ইউপি,</u> সভায় জানান যে, জনগনের চলাচলের সুবিধার্থে শিলাসী হাটুরিয়া রাস্তায় আজিজের বাড়ির নিকট বক্স কালভার্ট নির্মাণ করা জরুরী প্রয়োজন। এ বিষয়ে তিনি উপজেলা প্রকৌশলী, গফরগাঁও, ময়মনসিংহ কে অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশলী সরেজমিনে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| ২৯ | চেয়ারম্যান, পাইথল ইউপি, সভায় জানান যে, দেউলপাড়া মৃধা বাড়ির সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার বিঘ্ন ঘটছে। তৎপ্রেক্ষিতে নতুন ভবন নির্মান কাজ করার জন্য অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশলী সরেজমিনে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রকৌশলী |

বিবিধ আলোচনা:

| | | | |
|---|---|---|---|
| ০১ | সি এ, উপজেলা পরিষদ, গফরগাঁও সভায় জানান যে, জনাব মো: আশরাফ উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মহোদয়ের জুলাই/২০২৩ মাসের ভ্রমন ব্যয় বিল বাবদ =১১,২৫০/- (এগার হাজার দুইশত পঞ্চাশ) টাকা।<br>২। জনাব মো: আতাউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও জুলাই/২০২৩ মাসের ভ্রমন ব্যয় বিল বাবদ =৯,০০০/-(নয় হাজার) টাকা।<br>৩। জনাব রেশমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মহোদয়ের জুলাই /২০২৩ মাসের ভ্রমন ব্যয় বিল বাবদ =৯,০০০/-(নয় হাজার) টাকা বিল ও ভ্রমণ বিবরণী বিল সভায় উপস্থাপন করেন এবং সভায় অনুমোদনের জন্য অনুরোধ করেন। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর জুলাই/২০২৩ মাসের ভ্রমণ ব্যয় বিল অনুমোদন এবং উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও। |
| ০২ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) :** উপজেলা নির্বাহী অফিসা,গফরগাঁও জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতায় সরাসরি বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর অধীনে ৬ষ্ঠ ধাপে বাস্তবায়নের জন্য ১০/০৭/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলার প্রকল্প বাছাই কমিটির সুপারিশক্রমে, নিম্নে উল্লেখিত ০৩ টি (তিন) অবকাঠামো উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প মোট বরাদ্দ-৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) টাকা উপজেলা পরিষদের অনুমোদনের জন্য অদ্যকার সভায় উত্থাপন করা হইলো।<br>প্রকল্প বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত উপ-প্রকল্প সমূহ ঃ<br>১। গফরগাঁও উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় বেঞ্চ সরবরাহ করণ<br>২। চরমছলন্দ বালিকা উচ্চ বিদ্যালয়ে অতিরিক্ত শ্রেণী কক্ষ নির্মাণ<br>৩। গফরগাঁও উপজেলা প্রাণিসম্পদ হাসপাতালে অপারেশন থিয়েটার কক্ষ নির্মান। | উপজেলা প্রকল্প বাছাই কমিটির সুপারিশকৃত অবকাঠামো উন্নয়ন বিষয়ক ০৩টি উপ-প্রকল্পই যুক্তিযুক্ত, উক্ত উপ-প্রকল্প সমূহ উপজেলায় বাস্তবায়িত হলে শিক্ষার মান বৃদ্ধি পাবে ও প্রাণিসম্পদেও মান উন্নয়ন হবে বিধায় সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, গফরগাঁও উপজেলা ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর ৬ষ্ঠ ধাপের তহবিল বরাদ্দ মোট ৫০,০০,০০০/- (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) টাকা হতে প্রকল্প নীতিমালা অনুসারে উপজেলা প্রকল্প বাছাই কমিটির সুপারিশকৃত উল্লেখিত ০৩ টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প ৫০,০০০০০/- (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) টাকায় বাস্তবায়নের জন্য অনুমোদন করা হইলো। এবং উক্ত উপ-প্রকল্পের জন্য প্রয়োজনীয় প্রকল্প প্রস্তাবনা, প্রাক্কলন ও অন্যান্য কাগজ পত্রাদি প্রস্তুত করে চুড়ান্ত অনুমোদন গ্রহণ করার লক্ষ্যে জরুরী ভিত্তিতে পিএমইউ-তে প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা প্রকৌশলী, গফরগাঁও, ময়মনসিংহ।<br>০২। ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), গফরগাঁও, ময়মনসিংহ।<br>০৩। সংশ্লিষ্ট সকল |
| ০৩ | **উপজেলা প্রকৌশলী,** সভায় জানান যে, উপজেলা পরিষদ পদ্মা, মেঘনা, যমুনা, শাপলা, উপজেলা যুব উন্নয়ন অফিস, উপজেলা পরিসংখ্যান অফিস, উপসহকারী প্রকৌশলী পাট উন্নয়ন কর্মকর্তার কার্যালয় এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে দীর্ঘদিন যাবৎ বিদ্যুৎ সংযোগ দেয়ার পর কোনো বিদ্যুৎ সংযোগ/মেরামত করা হয়নি। জরুরী ভিত্তিতে বিদ্যুৎ সংযোগ/মেরামত প্রয়োজন। মেরামত করতে আনুমানিক (২৫০০০+২৫০০০+২৫০০০+২৫০০০+২৫০০০+২৫০০০+২৫০০০+ ২৫০০০)=২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রয়োজন। উক্ত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংস্কার মেরামত খাত হতে পরিশোধ করা যেতে পারে। | উপজেলা পরিষদ পদ্মা, মেঘনা, যমুনা, শাপলা, উপজেলা যুব উন্নয়ন অফিস, উপজেলা পরিসংখ্যান অফিস, উপসহকারী প্রকৌশলী পাট উন্নয়ন কর্মকর্তার কার্যালয় এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে বিদ্যুৎ সংযোগ/মেরামত বাবদ (২৫০০০+ ২৫০০০+২৫০০০+২৫০০০+২৫০০০ +২৫০০০+২৫০০০+২৫০০০)= ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংস্কার মেরামত খাত হতে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ০৪ | **প্রশাসনিক কর্মকতা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,** সভায় জানান যে, উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয় এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের সেফটি ট্যাংকি পরিষ্কার করতে আনুমানিক (২৫০০০+২৫০০০+২৫০০০ | উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয় এবং উপজেলা মহিলা বিষয়ক | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা |

| | | | |
|---|---|---|---|
| | +২৫০০০)=১,০০,০০০/-(এক লক্ষ) টাকা প্রয়োজন। উক্ত অর্থ উপজেলা পরিষদের পরিষ্কার পরিচ্ছন্ন খাত হতে পরিশোধ করা যেতে পারে। | কর্মকর্তার কার্যালয়ের সেফটি ট্যাংকি পরিষ্কার করা বাবদ (২৫০০০+২৫০০০ +২৫০০০+২৫০০০)=১,০০,০০০/- (এক লক্ষ) টাকা উপজেলা পরিষদের পরিষ্কার পরিচ্ছন্ন খাত হতে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী অফিসার |
| ০৫ | উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও সভায় জানান যে, টিসিবি মালামাল সঠিকভাবে হতদরিদ্রদের মাঝে দেয়ার জন্য ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করেন। প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অফিসারগণ বিদ্যালয়ে শিক্ষার মান বৃদ্ধির লক্ষে মনিটরিং বাড়াতে হবে। প্রতি মাসে ইউনিয়ন মাসিক সভা নিশ্চিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। সকল উন্নয়নমূলক কর্মকান্ডের গুণগতমান অক্ষুন্ন রাখার জন্য সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। দ্রুত উন্নয়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। সমন্বয়ের মাধ্যমে সরকার নির্দেশিত সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ১। সরকারের সকল উন্নয়ন মূলক কাজ সরকারি নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে।<br>২। শিক্ষা প্রতিষ্ঠানের মনিটরিং বৃদ্ধি করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, সভায় জানান যে, টিসিবি'র মালামাল যেন সঠিক সময়ে নির্ধারিত স্থানে দেয়া হয় সে ব্যবস্থা করতে হবে। বিতরণের আগের দিন ইউপি চেয়ারম্যানগণকে জানানোর জন্য অনুরোধ করেন। পুলিশের একার পক্ষে অনৈতিক ঘটনা বন্ধ করা সম্ভব নয়। সকলকেই পুলিশকে সহযোগীতা করতে হবে। সকলকে সমন্বয়ের মাধ্যমে কাজ করতে হবে। সকল কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট সকলকে স্ব স্ব অবস্থান থেকে দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানান। | সকলকে গফরগাঁও এর উন্নয়নের জন্য সরকারি দিক নির্দেশনা মোতাবেক সমন্বয়ের মাধ্যমে কাজ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আশরাফ উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ০৫.৪৫.৬১২২.০০১.০৬.০০৯.২৩-৮৭৩/১(৬০) তারিখ: ২৭.০৭.২০২৩ খ্রি:

অনুলিপি: সদয় অবগতি/অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৫, ময়মনসিংহ-১০ (গফরগাঁও)।
০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৩। উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, উপ-১ শাখা/উপ-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৫। মেয়র, গফরগাঁও পৌরসভা, গফরগাঁও, ময়মনসিংহ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৭। উপজেলা ............................................................ অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
০৮। চেয়ারম্যান, ....................................................... ইউনিয়ন পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৯। জনাব ..................................................................গফরগাঁও,ময়মনসিংহ।
১০। অফিস কপি।

(মো: আবিদুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।